

## ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রী কোর্সে ভর্তি চলছে

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালীতে নিম্নে বর্ণিত কোর্সসমূহে সরকারি খরচে বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধাবঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) এর আওতায় পরিচালিত ০৩ (তিন) মাস মেয়াদী (৩৬০ ঘন্টা) শর্ট কোর্সে নভেম্বর-জানুয়ারি/২০২৬ খ্রিঃ সেশনে ভর্তি ইচ্ছুক প্রশিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	কম্পিউটার স্ট্যান্ডার্ড অনুযায়ী অকুপেশন সমূহ	লেভেল	আসন সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বয়স (৩১/১০/২০২৫ তারিখে)	প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ
০১	কম্পিউটার অপারেশন	NSDA Level -3	২৪ জন	ন্যূনতম এসএসসি/ সমমান পাশ।	১৮-৪০ বছর	০১৭১৯-৯৩৫৫৭৫
০২	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	NSDA Level -1/2	২৪ জন	ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ।	১৮-৪০ বছর	০১৭৪০-২৯৫৮৬৯
০৩	ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেন্যান্স	NSDA Level -2	২৪ জন	ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ।	১৮-৪০ বছর	০১৭১৫-৭৪৩০৭৫
০৪	ট্রেইলারিং এন্ড ড্রেস মেকিং	NSDA Level -2	২৪ জন	ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ।	১৮-৪০ বছর	০১৭১৭-৮২৭৬২৬
০৫	ড্রাইভিং	NSDA Level -3	২৪ জন	ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ।	২১-৪০ বছর	০১৭১১-৭৫১৪৭৪

### ভর্তির জন্য নিয়মাবলীঃ-

- ০১। অত্র প্রতিষ্ঠানের Website: [www.patuakhalittc.gov.bd](http://www.patuakhalittc.gov.bd) হতে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করে: নিজ হাতে পূরণপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল:-৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা) অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় জমা দিতে হবে।
- ০২। আবেদনকারী ইতোপূর্বে SEIP ও দেশ-বিদেশে ড্রাইভিং প্রকল্পে কোন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে থাকলে তার আবেদন করার প্রয়োজন নাই।
- ০৩। ভর্তি ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/ নম্বরপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পৌরসভার মেয়র /ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের ফটোকপি এবং অভিভাবকের বাৎসরিক আয়ের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ০৪। আবেদনকারীকে প্রশিক্ষণ কার্যক্রমে ন্যূনতম ৯০% উপস্থিতি নিশ্চিত করতে হবে। অন্যথায় NSDA Assessment এ অংশগ্রহণের সুযোগ পাবে না এবং কোন প্রকার প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবে না।
- ০৫। একই সঙ্গে দুটি ট্রেডে ভর্তি হওয়া যাবে না।
- ০৬। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ভর্তি পরীক্ষা ও ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে।

বিবরণ	তারিখ	সময়সূচী
আবেদন পত্র বিতরণ শুরু	০৫/১০/২০২৫ খ্রিঃ	সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।
আবেদন জমা গ্রহণ শেষ	২৩/১০/২০২৫ খ্রিঃ	বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।
ভর্তি পরীক্ষা	২৭/১০/২০২৫ খ্রিঃ	সকাল ১০:০০ ঘটিকায়
ফলাফল প্রকাশ	২৭/১০/২০২৫ খ্রিঃ	বিকাল ০৪:০০ ঘটিকায়
নির্বাচিত প্রার্থীদের ভর্তি	২৮-২৯/১০/২০২৫ খ্রিঃ	সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
অপেক্ষমাণ তালিকা হতে ভর্তি	৩০/১০/২০২৫ খ্রিঃ	শূন্য আসনে ভর্তির জন্য আবেদন করতে হবে।
ক্লাশ শুরু	০২/১১/২০২৫ খ্রিঃ	দুপুর ০১:০০ ঘটিকায়

### সুযোগ সুবিধা সমূহ :

- ০১। নিয়মিত উপস্থিতির ভিত্তিতে পরীক্ষায় সফল ভাবে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে প্রতিমাসে ১৫০০.০০ টাকা হারে (পুরুষ) এবং ২০০০.০০ টাকা হারে (নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।
- ০২। দৈনিক ১০০ টাকা হারে মাসিক সর্বোচ্চ ২৫০০.০০ টাকা যাতায়াত ভাতা প্রদান করা হবে (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। অবশ্যই সকল পরীক্ষা কার্যক্রম সফলভাবে উত্তীর্ণ হতে হবে।
- ০৩। হতদরিদ্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, অনগ্রসর এবং বেকার যুব-যুবতীদের ভর্তির ক্ষেত্রে অধাধিকার প্রদান করা হবে।
- ০৪। সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের দেশে-বিদেশে চাকুরী প্রদানের সুযোগ রয়েছে।

**বিঃ দ্রঃ-** কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

বিস্তারিত তথ্যের জন্য অত্র কেন্দ্রে প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করুন। (সকাল ৯.০০- বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে) মোবাইল নং- ০১৪০৪-৪১৩১৬৭।

স্বাঃ

অধ্যক্ষ

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালী।